

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**কুমিল্লা শাখা, কুমিল্লা**

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থসংগে আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা, ১২৫/১১৭, ছাতিপাট্টি, রাজগঞ্জ, ডাকঘর- কুমিল্লা, থানা- কোতয়ালী, জেলা- কুমিল্লা, এর ঋণগ্রহীতা মেসার্স স্টাইল ব্রিকস কর্পোরেশন, ঠিকানা- রাজমেহের, ডাকঘর- কুমিল্লা, থানা- কোতয়ালী, জেলা- কুমিল্লা, প্রোপাইটর- জনাব মোহাম্মদ মাসুম বিল্লাহ, পিতা- মরহুম মোহাম্মদ রুহুল কুদ্দুস, ঠিকানা- গ্রাম- ভানী, ডাকঘর- মাধাইয়া বাজার, থানা- দেবীদ্বার, জেলা- কুমিল্লা, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২০/০১/২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৩২,১৪,৮৪৬.২৬ (বত্রিশ লক্ষ চৌদ্দ হাজার আটশত ছেচল্লিশ টাকা ছাব্বিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাজ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল**

**জেলা- কুমিল্লা, থানা- দেবীদ্বার, জে. এল. নং- সাবেক ২৫৫, হাল ১২২, মৌজা- ভানী**

ক্রমিক নং	সি. এস. খতিয়ান নং	আর. এস. খতিয়ান নং	নামজারী খতিয়ান নং-	বি.এস. (ডি.পি) খতিয়ান নং-	সি.এস. ও আর. এস. দাগ নং-	বি.এস. দাগ নং-	মোট জমির পরিমাণ
১	২৪২	২৭৭	৮৭৪/১০৯৫	১৩৭৯	১৮৭৫	৫২৫৫	৪.৫ শতাংশ
২	৪৩	১০৩/৯২	৮৯৫	২৪৫	২২৫৯	৬০৩৬	১০ শতাংশ
৩	৪৩	৪৮	৮৭৪/১০৯৫	১৩৭৯	২০৭৬	৫৫২২	২০ শতাংশ
৪	২৪৭	২৮২/২৪৭	৮৯৫	১৩৭৯	২০৪৪	৫৫৮৯	১৫ শতাংশ
৫	৩১৩	৩৫১/৩১৩	৮৯৫	১৩৭৯	১৯৬১	৫৩৫০	৩০ শতাংশ
৬	১০১	১১৩/১০১	৮৯৫	১৩৭৯	১৯৫৯	৫৩৫০	২৩.৫০ শতাংশ
৭	৯২	১০৩	৮৯৫	১৩৭৯	১৯৬২	৫৩৫৭	১৭ শতাংশ
৮	১৬০	১৮০/১৬০	৮৭৪/১০৯৫	১৩৭৯	২০৮০	৫৫২১	২৪ শতাংশ
৯	২৬১	২৯৬	৮৭৪/১০৯৫	১৩৭৯	২০৮৩	৫৫৪১	২৩ শতাংশ
১০	৮১	৯১/৮১	৮৭৪/১০৯৫	১৩৭৯	২০৫৪	৫৫৫০	২২.৫০ শতাংশ
১১	২৪৭	২৮২/২৪৭	৮৭৪/১০৯৫	১০০৭	২০৪৪	৫৫৮৭	১৪ শতাংশ

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ১৫-০৪-২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কুমিল্লা শাখা, কুমিল্লা।